



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.৪৯০

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭

০৮ এপ্রিল ২০২১

### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন

১। চন্দীপাশা সরকারি উচ্চ বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ-এর প্রধান শিক্ষক না থাকায় সহকারী প্রধান শিক্ষক জনাব মাখন চন্দ্র বিশ্বাস গত ১৬.০৩.২০২১ খ্রি: হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।


২। হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, চাপাইনবাবগঞ্জ-এর প্রধান শিক্ষক না থাকায় সহকারী প্রধান শিক্ষক জনাব ড. মো: রুহুল ইসলাম গত ০৩.০৩.২০২১ খ্রি: হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৩। নন্দিগ্রাম সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়-এর প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের পদ সৃজন না হওয়ায় বিদ্যালয়ের জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব গিরিশ চন্দ্র-কে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক)	এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী প্রধান শিক্ষকের যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
(খ)	ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
(গ)	দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

(ঘ)	তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।
(ঙ)	প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক না থাকলে সহকারী শিক্ষকদের দায়িত্ব পালনের ক্ষেত্রে জ্যেষ্ঠতম/সিনিয়রিটির কোন ভুল তথ্যাদি প্রেরণ করা হলে তার আর্থিক ক্ষমতা বাতিল বলে গণ্য হবে।



৮-৪-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.৪৯০/১(৭)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭  
০৮ এপ্রিল ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ....., .....
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, .....
- ৪) প্রধান শিক্ষক, -----।
- ৫) জনাব-----
- ৬) জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, .....
- ৭) সংরক্ষণ নথি।



৮-৪-২০২১

মোঃ আমিনুল ইসলাম টুকু  
সহকারী পরিচালক-১